



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ২৮-০৮-২০২৩

বাংলাদেশ বিমান বাহিনীর আওতাধীন সকল স্কুল-কলেজের শিক্ষকদের জন্য বাংলাদেশ বিমান বাহিনী মহিলা কল্যাণ সমিতি (বাফওয়া, BAFWWA) কর্তৃক 'সুরক্ষা-২' স্কীম এর সূচনা এবং চিকিৎসা বই বিতরণ অনুষ্ঠান

ঢাকা, ২৮ আগস্ট : বাংলাদেশ বিমান বাহিনীর আওতাধীন সকল স্কুল-কলেজের শিক্ষকদের জন্য বাংলাদেশ বিমান বাহিনী মহিলা কল্যাণ সমিতি (বাফওয়া) কর্তৃক 'সুরক্ষা-২' স্কীম এর সূচনা এবং চিকিৎসা বই বিতরণ অনুষ্ঠান ২৮ আগস্ট ২০২৩, সোমবার বিএএফ শাহীন হল-এ অনুষ্ঠিত হয়েছে। বাফওয়া কেন্দ্রীয় পরিষদের সম্মানিত সভানেত্রী তাহমিদা হান্নান উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে "সুরক্ষা-২" স্কীমের আওতায় চিকিৎসা গ্রহণকারী শিক্ষকদের মাঝে চিকিৎসা বই বিতরণের মাধ্যমে এ চিকিৎসা সেবার সূচনা করেন।

"সেবা, সংস্কৃতি ও সৌহার্দ্য" এই মূল মন্ত্র নিয়ে গঠিত হয়েছে বাংলাদেশ বিমান বাহিনী মহিলা কল্যাণ সমিতি (বাফওয়া)। বিমান বাহিনীর সকল সদস্যের চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে বাফওয়া বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। যে সকল সদস্য বিমান বাহিনী হাসপাতাল বা সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসা সেবার জন্য প্রাধিকারভুক্ত নন, তাদের সবাইকে বিনামূল্যে চিকিৎসাসেবার আওতায় আনার লক্ষ্যে বাফওয়া মেডিকেল সার্ভিস চালু করা হয়েছে। এছাড়াও, বিমান বাহিনীর হাসপাতাল বা সম্মিলিত সামরিক হাসপাতালে যেসব শল্যচিকিৎসা সম্ভব নয় সেগুলো নিশ্চিত করার জন্য সকল সরকারী হাসপাতালের পাশাপাশি উন্নত সেবা নিশ্চিত করার লক্ষ্যে স্বনামধন্য অসামরিক হাসপাতালসমূহের সাথে সমঝোতা স্মারক চুক্তি সম্পন্ন করা হয়েছে। জাতির পিতার আত্মত্যাগ ও মানবতার সেবায় উদ্বুদ্ধ হয়ে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত 'রূপকল্প-২০৪১' এর অংশ হিসেবে সার্বজনীন চিকিৎসা ও স্বাস্থ্যসেবা বাস্তবায়ন সম্পর্কিত সাহসী ও বলিষ্ঠ উদ্যোগে অনুপ্রাণিত হয়ে বিমান বাহিনী ও বাফওয়া পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকদের জন্য বিনামূল্যে উন্নতমানের চিকিৎসা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে বাফওয়া কর্তৃক 'সুরক্ষা-২' স্বাস্থ্য প্রকল্প চালু করা হয়েছে। বিমান বাহিনীর সকল ঘাঁটি/ইউনিট থেকে এই স্বাস্থ্য প্রকল্প এর আওতায় চিকিৎসা সুবিধা প্রদান করা হবে। এ মহতী উদ্যোগের স্বপ্ন বাস্তবায়ন ও সফলতার জন্য অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত ও দোয়া করা হয়। এছাড়া, সম্মানিত সভানেত্রী দৃষ্টি প্রতিবন্ধী মহিলা শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানের জন্য একটি কম্পিউটার প্রদান করেন।

অনুষ্ঠানে বাফওয়া কেন্দ্রীয় পরিষদের সহ-সভানেত্রীবৃন্দ, বাফওয়া আঞ্চলিক শাখা বঙ্গবন্ধু ও বাশারের সভানেত্রীগণ ও কমিটির সদস্যবৃন্দ, বিএএফ শাহীন কলেজ কুর্মিটোলা, বিএএফ শাহীন কলেজ ঢাকা, শাহীন ইংলিশ মিডিয়াম কলেজ এবং গোল্ডেন ঙ্গল নার্সারী ঢাকা ও কুর্মিটোলার অধ্যক্ষগণ ও শিক্ষকবৃন্দ এবং বিমান বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মুহাম্মদ শাহাদাৎ হোসেন
গবেষণা কর্মকর্তা
পরিচালকের পক্ষে
মোবাঃ ০১৭৬৯০২৭২০০